# পররাষ্ট্র মন্ত্রণালয়ে এখন দায়িত্বে দুই প্রতিমন্ত্রী



ছবি: সংগৃহীত

মন্ত্রিসভায় সাম্প্রতিক পরিবর্তনের ফলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রীর সংখ্যা বেড়ে দুইজনে দাঁড়িয়েছে। পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের অধীনে এখন প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করবেন হুমায়ুন কবির ও শামা ওবায়েদ ইসলাম।

প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টার দায়িত্বে থাকা হুমায়ুন কবির শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন। নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর তাঁকে শপথবাক্য পাঠ করান।

একই অনুষ্ঠানে গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ) আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকনও প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন।

টেকনোক্র্যাট হিসেবে মন্ত্রিসভায় স্থান পাওয়া হুমায়ুন কবির এর আগে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছিলেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের তথ্য অনুযায়ী, প্রতিমন্ত্রীর মর্যাদায় তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাশাপাশি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টার দায়িত্বও পালন করেছেন।

অন্যদিকে, শামা ওবায়েদ ইসলাম পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দায়িত্বে রয়েছেন। চলতি বছরের ফেব্রুয়ারিতে বিএনপি সরকার গঠনের সময় তিনি এ পদে নিয়োগ পান। সাম্প্রতিক দপ্তর পুনর্বণ্টনের পরও পররাষ্ট্র প্রতিমন্ত্রী হিসেবে তাঁর দায়িত্ব বহাল রাখা হয়েছে।

নতুন নিয়োগের ফলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নীতিনির্ধারণ ও প্রশাসনিক কার্যক্রমে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে দুই প্রতিমন্ত্রী দায়িত্ব পালন করবেন।